



BANGLADESH CENTRE OF THE
INTERNATIONAL THEATRE INSTITUTE

House 10A Road 25A Block A
Banani, Dhaka-1213, Bangladesh
Tel : +880 2 8832728 8832280 9894016
Fax : 880 2 8811664
email : iti@adexpressions.com

World Theatre Day 2021 message Translated into Bengali language

বিশ্ব নাট্যদিবস
২৭ মার্চ ২০২১

আন্তর্জাতিক বাণী

হেলেন মিরেন, যুক্তরাজ্য
মঞ্চ, চলচ্চিত্র ও টেলিভিশন অভিনেতা

সজীব শিল্পকৃত্যের জন্য এবং অনেক শিল্পী, কলা-কুশলী, মঞ্চ-সজ্জাকর ও নারীর জন্য, যারা ইতিমধ্যে এই পেশার ক্ষেত্রে অনিশ্চয়তায় ভুগছিলেন, সবার জন্য আজ এক গভীর সংকটের কাল। হতে পারে দীর্ঘকাল ধরে বহাল নিরাপত্তাহীনতা তাদেরকে সাহস ও বুদ্ধিমত্তার সঙ্গে অতিমারি মোকাবিলায় সামর্থ্যবান করে তুলেছিল।

কল্পপ্রবণতা ইতিমধ্যে এই নতুন পরিস্থিতি মোকাবেলায় তাদের উদ্ভাবনী, উপভোগ্য ও আলোড়িতভাবে একের সঙ্গে অপরের সংযোগ প্রতিষ্ঠায় ব্রতী করেছিল, বিশেষভাবে সাহসের সঙ্গে ইন্টারনেট ব্যবহার দ্বারা।

এই গ্রহে যতকাল ধরে মানুষের বসবাস, ততকাল তারা একে অপরকে গুনিয়েছে গল্প। থিয়েটারের অনিন্দ্য শিল্পরূপ বেঁচে রইবে যতদিন আমরা রইবো এই গ্রহে। লেখক, শিল্পনির্দেশক, নৃত্যশিল্পী, গায়ক, বাদক, অভিনেতা, পরিচালক কখনোই শ্বাসরুদ্ধ হবেন না এবং নিকট ভবিষ্যতে আবারও পুনরুজ্জীবিত হবেন আমাদের মিলিত বসবাসের বিশ্ব সম্পর্কে নতুন শক্তি উপলব্ধি নিয়ে।

আর বিলম্ব আমার সহিছে না!

অনুবাদ: মফিদুল হক

Translated by:
Mofidul Hoque

হেলেন মিরেন : জীবন-পরিচিতি

মঞ্চ, চলচ্চিত্র ও টেলিভিশন অভিনেতা

হেলেন মিরেনের অভিনয়-সাধনা মঞ্চ, চলচ্চিত্র ও টেলিভিশন জুড়ে বিস্তৃত এবং অতি-পরিচিত ও সম্মানিত শিল্পী হিসেবে আন্তর্জাতিকভাবে তিনি স্বীকৃতি অর্জন করেছেন। শক্তিময় অভিনয়ের জন্য অনেক পুরস্কার তিনি অর্জন করেছেন, যার মধ্যে বিশেষ উল্লেখ্য ২০১৭ সালে *দি কুইন* চলচ্চিত্রের জন্য অস্কার পুরস্কার।

ন্যাশনাল ইয়ুথ থিয়েটারে ক্লিউপেট্রার চরিত্রে অভিনয়ের মাধ্যমে মঞ্চের তাঁর আবির্ভাব। রয়েল শেকস্পিয়র কোম্পানিতে চার বছরের সফল সময় কাটিয়ে তিনি দিক পরিবর্তন করে পিটার ব্রুকের থিয়েটার কোম্পানিতে যোগ দিয়ে আফ্রিকা ও আমেরিকার বিভিন্ন দেশ পরিভ্রমণ করেন।

এরপর তিনি ওয়েস্ট এন্ড, ফ্রিঞ্জ, রয়েল শেকস্পিয়র, ন্যাশনাল থিয়েটার, ব্রডওয়ে ইত্যাদি নানা থিয়েটার ও মঞ্চের কাজ করেন। *এ মাস্ট ইন দা কান্ট্রি* নাটকের জন্য তিনি টনি অ্যাওয়ার্ড মনোনয়ন পেয়েছিলেন। ২০০৯ সালে তিনি ন্যাশনাল থিয়েটারে ফিরে আসেন এবং 'ফেড্রা' নাটকে মুখ্য চরিত্রে অভিনয় করে বিশেষ সাড়া জাগান। সরাসরি সম্প্রচার এবং মঞ্চাভিনয়ের চলচ্চিত্র তৈরী দ্বারা এই নাটক বিশ্বজুড়ে প্রদর্শিত হয়। তিনি অলিভিয়ের অ্যাওয়ার্ড, হোয়াট্‌স অন স্টেজ অ্যাওয়ার্ড, টনি অ্যাওয়ার্ড-সহ অসংখ্য পুরস্কারে ভূষিত হয়েছেন। এছাড়া চলচ্চিত্রে ও টেলিভিশনে অভিনয় করে তিনি খ্যাতি অর্জন করেছেন।

অনুবাদ: মফিদুল হক

Translated by:
Mofidul Hoque